# গোপন বৈঠক থেকে আওয়ামী লীগের ৫৩ নেতাকর্মী গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় একটি ফ্ল্যাটে বৈঠক করার সময় আওয়ামী লীগ ও দলটির বিভিন্ন অঙ্গসংগঠনের ৫৩ নেতাকর্মীকে গ্রেপ্তার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)।

বৃহস্পতিবার (১৩ আগস্ট) রাত ৯টা ৫ মিনিটের দিকে ভাটারা থানার ব্লক-এম, রোড-২৮ এলাকার একটি ভবনে এ অভিযান চালানো হয়।

ডিএমপি জানায়, আগামী ১৫ আগস্টকে কেন্দ্র করে কর্মসূচি আয়োজনের প্রস্তুতি নিতে ওই ফ্ল্যাটে জড়ো হয়েছিলেন আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। সেখানে শোকদিবস পালনের প্রস্তুতির পাশাপাশি ঝটিকা মিছিলের পরিকল্পনা নিয়ে আলোচনা হচ্ছিল বলে পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে।

পুলিশের দাবি, বৈঠকে অংশ নেওয়া ব্যক্তিদের কাছে প্ল্যাকার্ড ও ব্যানার ছিল এবং তারা বিভিন্ন রাষ্ট্রবিরোধী স্লোগান দিচ্ছিলেন।

গোপন বৈঠকের খবর পেয়ে ভাটারা থানা পুলিশের একটি দল ওই ভবনে অভিযান চালায়। পরে সেখান থেকে ৫৩ জনকে গ্রেপ্তার করা হয়।

ডিএমপির গণমাধ্যম ও জনসংযোগ বিভাগ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে আইন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেওয়া হচ্ছে।

রাজধানীতে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা ও সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশের নজরদারি এবং বিশেষ অভিযান অব্যাহত রয়েছে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।

LENS ASIA